



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১১৩/ ১৬৬৩

তারিখঃ ১৭.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.২০.১৯০০.০২১.১১.০০৮.২০১৮-২১৭; তারিখঃ ১৮/০৩/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন বরকইর পীর মঞ্জিল দাখিল মাদ্রাসায় সহকারী সুপার মোঃ আবদুল মতিন কাজী এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের বিষয়ে তদন্ত করে জেলা প্রশাসক, কুমিল্লা কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সহকারী সুপার মোঃ আবদুল মতিন কাজী এর চাকুরীর মেয়াদ ২০১৬ সালে উত্তীর্ণ হওয়ার পরও তাকে চাকরিতে বহাল রেখে তার নামে সরকারী বেতন ভাতা উত্তোলন, ম্যানেজিং কমিটি কর্তৃক সুপার থাকাবস্থায় ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব দেয়া ও মোঃ আবদুল মতিন কাজী কর্তৃক দায়িত্ব নেয়া সম্পূর্ণ আইন বহির্ভূত মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিবেদনের আলোকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার (সহকারী সুপার জনাব মোঃ আবদুল মতিন) এর বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, বরকইর পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।

২) জনাব মোঃ আবদুল মতিন কাজী, ভারপ্রাপ্ত সুপার, বরকইর পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১১৩/

তারিখঃ .০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
৩. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৪. সুপার, বরকইর পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।
৫. সদস্যবৃন্দ, বরকইর পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪